

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৭

১/ বিবিধ

আরবী

من أحب أن يكثر الله خير بيته فليتوضأ إذا حضر غداؤه وإذا رفع
منكر

رواه ابن ماجه (3260) وأبو الشيخ في " كتاب أخلاق النبي صلى الله عليه وسلم
وآدابه " (ص 235) وابن عدي في " الكامل " (ق 1 / 275) وابن النجار في " ذيل
تاريخ بغداد " (10 / 153 / 2) من طرق عن كثير بن سليم عن أنس مرفوعا
أورده ابن عدي في ترجمة كثير هذا، وقال بعد أن ساق له أحاديث أخرى عن أنس
وهذه الروايات عن أنس عامتها غير محفوظة

قلت: وقد اتفقوا على تضعيف كثير هذا، بل قال فيه النسائي: متروك وقد أعله
البوصيري في " الزوائد " بعله أخرى فقال: جبارة وكثير ضعيفان، وفاته أن جبارة لم
يتفرد به، فقد توبع عليه كما أشرنا إليه، بقولنا: من طرق، وفي " العلل " لابن أبي حاتم
(2 / 11) قال أبو زرعة: هذا حديث منكر، وامتنع عن

قراءته فلم يسمع منه

والمشهور في هذا الباب - على ضعفه! - الحديث الآتي رقم (168) ، " بركة الطعام
الوضوء قبله وبعده " ، فراجع

বাংলা

১১৭। যে ব্যক্তি তার ঘরে আল্লাহ তা'আলা কর্তৃক অধিক কল্যাণ কামনা করে, সে যেন তার দুপুরের খাবার

উপস্থিত হওয়ার সময় ওযু করে এবং যখন তা উঠিয়ে নেয়া হবে তখনও ওযু করে।

হাদীসটি মুনকার।

এটি ইবনু মাজাহ্ (৩২৬০), আবুশ শাইখ “কিতাবুল আখলকিন নবী ওয়া আদাবুহু” (পৃঃ ২৩৫) গ্রন্থে, ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (১/২৭৫) ও ইবনুন নাজ্জার “যায়লু তারীখে বাগদাদ” গ্রন্থে (১০/১৫৩/২) বিভিন্ন মাধ্যমে কাসীর ইবনু সুলাইম সূত্রে আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

অতঃপর ইবনু আদী এ কাসীরের জীবনীতে বলেনঃ সাধারণত আনাস (রাঃ) হতে তার এ বর্ণনাগুলো নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ এ কাসীর দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত। বরং তার সম্পর্কে নাসাঈ বলেনঃ متروك তিনি মাতরুক।

বূসয়রী “আয-যাওয়াইদ” গ্রন্থে বলেছেনঃ যাবারা ও কাসীর তারা উভয়েই দুর্বল।

ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (২/১১) বলেনঃ আবু যুরযাহ বলেনঃ হাদীসটি মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5378>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন